

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯০

খোয়াই, ২১ জুন, ২০২৪

২৬ জুন খোয়াই জেলাভিত্তিক বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন

খোয়াই জেলাভিত্তিক সাহিত্য সম্মান বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। খোয়াই জিলা পরিষদ কার্যালয়ের কনফারেন্স হলে সভাধিপতি জয়দেব দেববর্মা'র সভাপতিতে আয়োজিত সভায় আগামী ২৬ জুন বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়। খোয়াই পুরাতন টাউন হলে এই অনুষ্ঠান আয়োজন উপলক্ষে ছাত্রছাত্রীদের মধ্যে কুইজ ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক স্থায়ীকমিটি সভাপতি পিয়ুষ কান্তি চৌধুরী, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বনিক প্রমুখ।

\*\*\*\*\*